কালের কণ্ঠ

তারিখ 20 NOV. 2015
পৃষ্ঠা ১৩ কলাম ৬

ঢাকা বিশ্ববিদ্যালয়

# ফি বাড়ানোর বিপক্ষে বলায় গ্রেপ্তার পাঁচ শিক্ষার্থী!

নিজস্ব প্রতিবেদক ▷

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজয় একাত্তর হলের বার্ষিক ফি বাড়ানোর বিপক্ষে ফেসবুকে স্টেটাস ও মন্তব্য করায় পাঁচ শিক্ষার্থীকে পুলিশে দিয়েছে হল প্রশাসন। হল প্রশাসনের দাবি, তাঁরা নিষিদ্ধ ঘোষিত ছাত্রসংগঠনের কর্মী। সরকারবিরোধী কাজে জড়িত থাকায় পুলিশে দেওয়া হয়েছে। আটকের পরদিন শাহবাগ থানা পুলিশ শিক্ষার্থীদের ৫৪ ধারায় গ্রেপ্তার দেখিয়ে জেলহাজতে পাঠিয়েছে।

গ্রেপ্তার ছাত্ররা হলেন ইসলামিক স্টাডিজ বিভাগের তৃতীয় বর্ষের আবদুর রহমান, লোকপ্রশাসন বিভাগের তৃতীয় বর্ষের আবু হানিফ, স্বাস্থ্য অর্থনীতি বিভাগের তৃতীয় বর্ষের মো. ইমরান আহমেদ, বাংলা বিভাগের প্রথম বর্ষের ফিরোজ হোসেন এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের প্রথম বর্ষের গোলাম মোস্তফা।